

মাননীয় প্রধানমন্ত্রীর সাথে সামিট-জেরা প্রতিনিধিদলের সাক্ষাৎ



ছবি ক্যাপশন: আজ জেরা'র প্রেসিডেন্ট সাতোশী অনোদা এবং সামিট গ্রুপের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।

(ঢাকা) ২৪শে ফেব্রুয়ারি ২০২০, সোমবার:

আজ জেরা'র প্রেসিডেন্ট সাতোশী অনোদা এবং সামিট গ্রুপের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে তার কার্যালয়ে সাক্ষাৎ করেন। মাননীয় প্রধানমন্ত্রী এসময় বেসরকারিখাতে অবকাঠামোগত উন্নয়নে সামিট-জেরার অংশীদারিত্ব দেখে সন্তুষ্টি প্রকাশ করেন, যা বাংলাদেশ এবং জাপানের মধ্যকার বন্ধুত্বপূর্ণ সম্পর্কের প্রতিফলন। এছাড়া বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত নাওকি ইতো বাংলাদেশের অর্থনৈতিক এবং সামাজিক উন্নয়নের লক্ষ্যে এই দুটি দেশের রূহং দুটি প্রতিষ্ঠানের ব্যবসায়িক অংশীদারিত্বের মাধ্যমে প্রচেষ্টার প্রশংসা করেন।

সাতোশী অনোদা, সামিট-জেরা-জিই কনসোলিডিয়েশনের মেঘনাঘাটে নির্মাণাধীন ৬৮৩ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন কয়লাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের (CCPP) অগ্রগতি সম্পর্কে মাননীয় প্রধানমন্ত্রীরকে অবহিত করেন। আশা করা যায় যে, ২০২২ সালে চালু হওয়ার পর সামিট মেঘনাঘাট ২ বিদ্যুৎ কেন্দ্র হবে বাংলাদেশের সর্ববৃহৎ কয়লাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র। এছাড়াও তিনি বাংলাদেশের চলমান অবকাঠামোগত উন্নয়ন নিশ্চিত করতে মাতারবাড়িতে স্থল-ভিত্তিক এলএনজি টার্মিনালে সামিট-জেরা-মিতসুবিশি কনসোলিডিয়েশনের বিনিয়োগের আকাঙ্ক্ষা ব্যক্ত করেন। সামিট গ্রুপের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খানও সাতোশী অনোদার সাথে একই সুরে বাংলাদেশে আরও অধিক বিনিয়োগের আকাঙ্ক্ষা পূর্ণবাক্ত করেন।

এসময় আরও উপস্থিত ছিলেন মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা ড. তৌফিক-ই-এলাহী চৌধুরী, বীরবিক্রম, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু, এমপি, প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া, বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত নাওকি ইতো, জেরা-এশিয়ার সিইও তোসিরো কুদামা এবং সামিট পাওয়ার ইন্টারন্যাশনালের ম্যানেজিং ডিরেক্টর এড সিইও আয়েশা আজিজ খান।

বিস্তারিত তথ্যের জন্য:

মোহসেনা হাসান | ইমেইল: mohsena.hassan@summit-centre.com | মোবাইল: +৮৮০১৭৯৩০৮১৯০৫